আওয়ামী লীগের সঙ্গে জামায়াত মিলে বিএনপির বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করেছে

বিএনপি সরকারের বিরুদ্ধে আওয়ামী লীগের সঙ্গে জামায়াতে ইসলামী মিলে ষড়যন্ত্র শুরু করেছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান।

তিনি বলেন, ৯৬ সালের মতো আওয়ামী লীগ ও জামায়াত মিলে দেশে অরাজকতা সৃষ্টির পাঁয়তারা করছে। প্রধানমন্ত্রীর রাজশাহী সফর চলাকালে স্নাইপার দিয়ে হত্যার হুমকিসংবলিত এক যুবকের ফেসবুক পোস্টের পেছনে বিরোধী দলের ইন্ধন রয়েছে। বিরোধী দলের উসকানিতে ওই যুবক এ রকম দুঃসাহস দেখিয়েছেন।

বৃহস্পতিবার (২২ অক্টোবর) দুপুরে কালীগঞ্জ উপজেলার চাপরাইল আবুবকর বিশ্বাস মকছেদ আলী কলেজে আয়োজিত ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

বিরোধী দলের সমালোচনা করে প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান আরও বলেন, জামায়াত ও স্বৈরাচার এরশাদের সরকারের মধ্যে কোনো পার্থক্য নেই। ৯৬ ও ৮৬ সালে আওয়ামী লীগের সঙ্গে জোট করেছিল জামায়াত। এখন আবার তারা মিলে গেছে। জামায়াত ও আওয়ামী লীগ মিলে বিএনপি সরকারের বিরুদ্ধে নতুন করে ষড়যন্ত্র শুরু করেছে।

এ সময় তিনি জামায়াতের আমিরের সমালোচনা করে বলেন, জামায়াতের আমির সব সময় মিথ্যা কথা বলেন। জামায়াতের নেতারা তাঁকে দরবেশ ভাবতে পারেন, কিন্তু জামায়াতের আমির একের পর এক রাজনৈতিক মিথ্যাচার করে যাচ্ছেন।

তিনি জাসদ ছাত্রলীগ করতেন, সন্ত্রাস করেছেন, মিথ্যা কথা বলেছেন। জামায়াতে যোগ দেওয়ার পর কি তিনি মিথ্যা বলা ছেড়ে দিয়েছেন? জামায়াত ও আওয়ামী লীগের ষড়যন্ত্র মোকাবিলায় বিএনপি, ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা জনগণকে সঙ্গে নিয়ে প্রস্তুত আছেন।

অনুষ্ঠানে কালীগঞ্জ উপজেলা বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক হামিদুল ইসলাম হামিদ, যুগ্ম সদস্যসচিব ইলিয়াস রহমান মিঠু, কলেজের

অধ্যক্ষ মশিয়ার রহমানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

গাংনীতে কসবা ব্লাড ব্যাংক জনকল্যাণ সংস্থার ফ্রি মেডিকেল ক্যাম্প

মেহেরপুরের গাংনী উপজেলার কসবা ব্লাড ব্যাংক জনকল্যাণ সংস্থার উদ্যোগে এবং মুক্তি ডায়াগনস্টিক সেন্টারের পৃষ্ঠপোষকতায় একটি ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৪ আগস্ট) সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত কসবায় এ মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পে প্রায় দেড় শতাধিক অসহায় ও সাধারণ রোগী বিনামূল্যে চিকিৎসাসেবা ও প্রয়োজনীয় স্বাস্থ্য পরামর্শ গ্রহণ করেন।

আয়োজকরা জানান, এলাকার দরিদ্র ও চিকিৎসাসেবা থেকে বঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যেই এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ক্যাম্পে আগত রোগীদের বিভিন্ন রোগের প্রাথমিক পরীক্ষা- নিরীক্ষা, চিকিৎসা পরামর্শ ও প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন কসবা ব্লাড ব্যাংক জনকল্যাণ সংস্থার সভাপতি রাসেল আহমেদ, সাধারণ সম্পাদক সাগর ইসলাম, সিয়াম, সাব্বির, সোহেল, শামীম, আকাশ, জুবায়েদ প্রমুখ।

স্থানীয় বাসিন্দারা জানান, এ ধরনের মানবিক উদ্যোগ সমাজের অসহায় মানুষের জন্য অত্যন্ত উপকারী। তারা নিয়মিত এমন স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনার দাবি জানান।

মেহেরপুরে খোকসা যুব সংঘের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে খোকসা যুব সংঘের উদ্যোগে একটি ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে নয়টা থেকে দিনব্যাপী এই ক্যাম্পে স্থানীয়দের বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোকসা যুব সংঘের সভাপতি শামসুজ্জামান হামিদুল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তাহের শেখ, খোকসা কেন্দ্রীয় জামে মসজিদের সেক্রেটারি ও যুব সংঘের উপদেষ্টা শামসুজ্জোহা সামিদুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোকসা হাট মসজিদের ইমাম আব্দুর রশিদ ঈশা খাঁ, খোকসা যুব সংঘের সেক্রেটারি সেলিম রেজা, খোকসা কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম ও সহ-সভাপতি খালিদ সাইফুল্লাহ আপেল।

এ ছাড়াও উপস্থিত ছিলেন অর্থ সম্পাদক শরিফুজ্জামান টুটুল, সাংগঠনিক সম্পাদক আবির, খাদ্য বিষয়ক সম্পাদক মোশারফ হোসেন, নির্বাহী সদস্য মাসুম রেজা, জিহাদ, তারিকসহ সংগঠনের অন্যান্য সদস্যরা।

দিনব্যাপী এই ফ্রি মেডিকেল ক্যাম্পে নানা বয়সী মানুষের স্বাস্থ্য পরীক্ষা, পরামর্শ এবং প্রয়োজনীয় ওষুধ বিতরণ করা হয়। স্থানীয়দের মধ্যে এ উদ্যোগকে স্বাগত জানানো হয়।

গত ১৭ বছর কমিউনিটি

ক্লিনিকগুলো ছিল রাজনৈতিক আশ্রয়কেন্দ্র

মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, সবার জন্য স্বাস্থ্য নয়, মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে হবে। আর এই দায়িত্ব নিয়েছে মেহেরপুর জেলা বিএনপি। সকলের কাছে আমরা স্বাস্থ্যসেবা পৌঁছে দেব ইনশাআল্লাহ। প্রতিটি মানুষের যেকোনো সমস্যা সমাধানের জন্য চেষ্টা আমরা করব।

ইতিমধ্যেই ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের স্বাস্থ্যসেবা চালু করা হয়েছে। আশা করছি যে কোনো স্বাস্থ্যসেবা আপনারা সেখানে গেলে পাবেন। বিএনপির ৩১ দফার আলোকে ২৬ নম্বর পয়েন্টে যে কথা বলা রয়েছে সবার জন্যই স্বাস্থ্য এবং মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে হবে।

আজ শুক্রবার সকালে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণ জেলা বিএনপি’র উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ অনুষ্ঠানের উদ্বোধনী বক্তব্যে এসকল কথা বলেন তিনি।

তিনি আরো বলেন, বিভিন্ন কমিউনিটি ক্লিনিকগুলো যেগুলো স্থাপন করেছিলেন জিয়াউর রহমান, পরবর্তীতে পুনরায় সেগুলো স্থাপন করেছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। এই ১৭ বছরে সেই কমিউনিটি ক্লিনিকগুলোকে ধ্বংস করা হয়েছে। সেই সমস্ত ক্লিনিকগুলো হয়ে গিয়েছিল পলিটিকাল আশ্রয়কেন্দ্র। সেগুলো কোনো স্বাস্থ্যসেবার মধ্যে পড়ে না।

এই নির্বাচনের আগে আমরা ২০ থেকে ৩০টা মেডিকেল ক্যাম্প করব। এই উদ্যোগ বাস্তবায়নে আমাদের জেলা বিএনপির সকল সদস্য আমাদের সাহায্য-সহযোগিতা করবেন।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি আনছারুল হক, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, আবু সালেহ নাসিম, জেলা বিএনপির সহ-সভাপতি রুমানা আহম্মেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের

আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা প্রমুখ।

জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান আরো জানান, আজ দিনব্যাপী মেহেরপুরের অসহায় মানুষকে চিকিৎসা সেবা প্রদান করা হবে, পাশাপাশি তাদেরকে বিনামূল্যে ঔষধ প্রদান করা হবে। এছাড়াও প্রতি মাসে এই মেডিক্যাল ক্যাম্প আয়োজন করা হবে বলে জানান তিনি।

চিকিৎসা নিতে আসা ব্যক্তিরা জানান চিকিৎসা সেবা ও বিনামূল্যে ওষুধ পেয়ে খুশি তারা।

মেহেরপুরের আমঝুপিতে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা

সাবেক চেয়ারম্যান মরহুম গোলাম মোস্তফার স্মরণে মেহেরপুরের আমঝুপিতে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আমঝুপি ছাত্র সমাজ ও যুব সমাজের উদ্যোগে বুধবার (২৫ ডিসেম্বর) সকাল ১১টায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপির গন্ধরাজপুর পাড়ায় (বটতলা মোড়) এই কর্মসূচি আয়োজন করা হয়।

অনুষ্ঠানে এলাকার সাধারণ মানুষদের ফ্রি মেডিকেল সেবা প্রদান করা হয়। অভিজ্ঞ ডাক্তারদের একটি দল রোগীদের বিভিন্ন স্বাস্থ্য পরামর্শ ও প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করেন।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম।

মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ।

এসময় তারা মরহুম গোলাম মোস্তফার কর্মময় জীবন, তার সমাজ

সেবামূলক কাজ এবং স্থানীয় উন্নয়নে অবদান নিয়ে আলোচনা করা হয়।

এসময় সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্ননসহ ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জামায়াতে ইসলামীর উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়াতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল নয়টার সময় ঝাওবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আশপাশ এলাকার গরিব অসহায় মানুষের মাঝে ফ্রি চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ করা হয়েছে।

ফ্রি মেডিকেল ক্যাম্পে আশপাশ এলাকার শতাধিক রোগীকে গাইনী, মেডিসিন, দন্ত, শিশু ও থেরাপি রোগের চিকিৎসা প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. আব্দুস সালাম, ডা. আনিসুর রহমান, ডেন্টিস্ট আব্দুল আল মামুন, মেহেরপুর সদর থানা জামায়াতের আমির সোহেল রানা, জামায়েত ইসলামী রাজনৈতিক সেক্রেটারি আসাদুজ্জামান সহ নেতাকর্মীরা ।

ঝিনাইদহে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহ পৌরসভার আয়োজনে ৬ দিন ব্যপী ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ পৌরসভার আয়োজনে এ ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজলের সভাপতিত্বে ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন ঝিনাইদহ সিভিল সার্জন শুভ্রা রানী দেবনাথ।

সেসময় উপস্থিত ছিলেন পৌরসভার সকল কাউন্সিলরবৃন্দ। পৌরসভার ৯টি ওয়ার্ডে এই ফ্রি মেডিকেল ক্যাম্পের মাধ্যমে রোগ নির্নয় করে রোগীদের বিনামুলে সকল প্রকার ঔষধ বিতরণ করা হয়। এই চিকিৎসা সেবা পেয়ে পৌরবাসী সন্তুষ্টি প্রকাশ করেন।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।এতে দুই হাজারেও বেশি অসহায় দরিদ্র মানুষকে ফ্◌্◌ির চিকিৎসা ও বিনামূল্যে ওষুধ দেয়া হয়েছে।

আজ শনিবার(৯ মার্চ) সকাল দশ টার সময় উপজেলার পাইলট স্কুল এন্ড কলেজ মাঠে এই কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করা হয়।

আদ্ দ্বীন ফাউন্ডেশন ও জাহেদী ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে এই ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

ফ্রি মেডিকেল ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের এমপি মোঃ নাসের শাহরিয়ার জাহেদী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আদ দ্বীন ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক

শেখ মোঃ মহিউদ্দিন, হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার মোঃ আক্তার হোসেন, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ জিয়াউর রহমান। সভাপতিত্ব করেন অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়াার জেনারেল রুশো।

প্রধান অতিথি সবাইকে উদ্দেশ্য করে বলেন এ ধরনের ফ্রি মেডিকেল ক্যাম্প হরিণাকুন্ডুতে সব জায়গায় পর্যায়ক্রমে হবে এবং জাহেদী ফাউন্ডেশন ও আদ্দ্বীন ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ডায়াবেটিক, ফ্রি স্ক্যানিংয়ের ব্যবস্থা করা হবে বলে জানান। এই ক্যাম্পে ১৬ জন ডাক্তার দ্বারা প্রায় ২হাজার ডায়াবেটিস ও চক্ষুরোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

জীবননগরে ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদতবার্ষিকী উপলক্ষে জীবননগরে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগরের আয়োজনে আজ শনিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর পৌরসভা চত্বরে ভারতীয় বিশেষজ্ঞ চিকিৎসকদের মাধ্যমে উপজেলার ৮টি ইউনিয়ন ও একটি পৌর সভার ৪শতাধীক মানুষের ফ্রি চিকিৎসার প্রদান করা হয়। জীবননগর পৌর আওয়ামীলীগের সহসভাপতি মোঃ সেকেন্দার আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, চিকিৎসা মানুষের মৌলিক অধিকার। এ ভাবনা থেকেই বার বার অসহায় মানুষের ফ্রি চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। বাংলাদেশের অনেক ধনী ব্যাক্তি আছে যারা চিকিৎসার জন্য ভারতে যেয়ে থাকে।আমার নিবাচনী এলাকার অনেক অসহায় দরিদ্র মানুষ আছে যারা জটিল ও কঠিন রোগে আক্রান্ত হয়েও টাকার অভাবে ভারতে চিকিৎসা করাতে যেতে পারছে না ।সে কারনে জাতির পিতার শাহাদতবার্ষিকী উপলক্ষে প্রতিবছর ফ্রি চিকিৎসা ও ওষুধের ব্যবস্থা করে থাকি।এবার মিলে ৬বছর ধরে এ চিকিৎসার ব্যবস্থা করে আসছি।যত দিন বেচে থাকবো ততদিন জাতির পিতার শাহাদতবার্ষিকী উপলক্ষে এ চিকিৎসার ব্যবস্থা করবো ।
বিশেষ অতিথির বক্তব্যে কলকাতার বিশেষায়িত এ্যাপোলো মাল্টি

স্পেশালিস্ট হাসপাতালের বিশেষজ্ঞ মেডিকেল টিমের প্রধান ডা. সূভোশিষ চক্রবর্তী (ক্যান্সার বিশেষজ্ঞ) বলেন, আমরা ৬ সদস্যের মেডিকেল টিম বাংলাদেশে এসেছি। যারা হৃদরোগ, গাইনী, ক্যান্সার ও মেডিসিন বিশেষজ্ঞ। বাংলাদেশের মানুষের চিকিৎসার জন্য এ ধরনের মহতি উদ্যোগ নেওয়ার জন্য আলী আজগার টগর এমপিকে অনেক ধন্যবাদ জানাই ।
এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার মোঃরিয়াজুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজ,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, দর্শনা পৌর সভার মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু,জেসিআইয়ের পরিচালক মোঃ মুনতাসির আজগার আকাশ প্রমুখ।
ভারতীয় মেডিকেল বিশেষজ্ঞ টিমের সদস্যরা হলেন, কিডনি বিশেষজ্ঞ ডা. সুনিল, হৃদরোগ বিশেষজ্ঞ আসফাক আহমেদ, গাইনী বিশেষজ্ঞ উতপল সেন, বন্ধ্যাত্ব বিশেষজ্ঞ আত্তারি পাল ও মেডিসিন বিশেষজ্ঞ সোভা চক্রবর্তী।
উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন জীবননগর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক পৌর মেয়র মোঃ জাহাঙ্গীর আলম।

কাথুলীতে জাতীয় শোক দিবস উপলক্ষে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

জীবন বাচাই রক্ত দিয়ে মানবতা যাক এগিয়ে এই স্লোগানকে সামনে রেখে কাথুলী ব্লাড ফাউন্ডেশন এর উদ্যোগে রক্তের গ্রুপ নির্নয় করা হয়েছে।

গতকাল মঙ্গলবার কাথুলী ইউনিয়ন পরিষদে এ কার্যক্রম সকাল ৮ থেকে বিকাল ৫ পর্যন্ত কর্যক্রম পরিচালনা করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি

রেজাউর রহমান রেজা, সহ ব্লাড ফাউন্ডেশন এর সদস্য বৃন্দ।

এ বিষয়ে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সভাপতি নাছিম আহম্মেদ জানান, অসহায় গরীব দুঃখী মানুষের রক্তের অভাবে যেন কোন মাকে অপারেশন থিয়েটারে সন্তান প্রসব করতে যেয়ে রক্তের অভাবে জীবন দিতে না হয় সে জন্য আমাদের এই কাথুলী ব্লাড ফাউন্ডেশন। সবার পাশে থেকে সেবা দিয়ে যেতে যায় কাথুলী ব্লাড ফাউন্ডেশন।